



# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৮/৯৩/(পার্ট-১)/৫৬৫

তারিখ : ০৬/০৩/২০১৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর -এর নিম্নলিখিত রাজস্ব খাতের শূন্য পদ অভ্যন্তরীণ প্রার্থীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হইতে নিম্নরূপ শর্তাবলীতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম, বিভাগ, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)	(৪)
১।	সহকারী সেকশন অফিসার সংস্থাপন শাখা, রেজিস্ট্রার অফিস ৳ ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০)	১ (এক) টি	প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাস্টার্স বা এইচ এস সি এর পর ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী থাকিতে হইবে। অথবা প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সিনিয়র অফিস এসিস্টেন্ট কাম কম্পিউটার অপারেটর বা সমমানের (গ্রেড নং- ১৩) বা তদূর্ধ্ব পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

### শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হইতে জীবন-বৃত্তান্তের ফরমেট সংগ্রহ পূর্বক পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রাদি ও নম্বর পত্রের সত্যায়িত কপিসহ আবেদন পত্র দাখিল করিতে হইবে।
- বর্ণিত পদের জন্য ৭ (সাত) সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদন পত্র দাখিল করিতে হইবে।
- আবেদন পত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে “রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” এর বরাবরে পৌঁছাইতে হইবে।
- আবেদন পত্রের সাথে “ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর এর অনুকূলে ২৫০/- টাকার পে-অর্ডার/ডিডি দাখিল করিতে হইবে।
- বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ঢাপ্রপ্রবি/৬৬৬; তারিখ : ৩১/০৩/২০১৪ খ্রিঃ মোতাবেক জারীকৃত নিয়োগের সাধারণ নিয়মাবলী সম্পর্কিত প্রজ্ঞাপন অনুযায়ী অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিল করা যাইতে পারে।
- আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২১/০৩/২০১৬ খ্রিঃ রোজ সোমবার (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে ‘অসীকারনামা’ প্রদান করিতে হইবে।

০৩.০৩.১৬

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন : ৯২০৪৭০৩ (অফিস)।

তারিখ : ০৬/০৩/২০১৬ খ্রিঃ

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৮/৯৩/(পার্ট-১)/৫৬৫

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)-

- পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- সকল - ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান;
- সহকারী পরিচালক, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) অফিস;
- সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

০৩.০৩.১৬  
(মোঃ মফিজুর রহমান)  
ডেপুটি রেজিস্ট্রার